

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১১৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে সংক্ষিপ্ত শব্দ সংবলিত হাদীস বর্ণনা করলাম, সেটাকে ব্যাখ্যাকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ المتقصِيِّ لِلَّفْظَةِ الْمُخْتَصِرَةِ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

2118 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: لَمَّا وَجَدَ رَسُولُ اللَّهِ أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ عَنْ عَائِشَةَ قَالَتْ: لَمَّا وَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ نَفْسِهِ خِفَّةً جَاءَ حَتَّى جَلَسَ عَنْ يَسَارِ أَبِي بَكْرٍ وَكَانَ النَّبِيُّ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّى بِالنَّاسِ قَاعِدًا وأبو بكر قائماً.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2118 ا خلاصة حكم المحدث: صحيح

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: وَأُمَّا إِجْمَالُ الْخَبَرِ فَإِنَّ عَائِشَةَ حَكَتْ هَذِهِ الصَّلَاةَ إِلَى هَذَا الْمَوْضِعِ وَآخِرُ الْقِصَّةِ عِنْدَ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ إِذِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمَرَهُمْ بِهِ عِنْدَ سُقُوطِهِ عَن ِ فَرَسِهِ عَلَى حَسْبِ مَا يَالُهُ قَنْلُ. وَكُنْ نَاهُ قَنْلُ.

বাংলা

২১১৮. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কিছুটা হালকা অনুভব করলেন, তিনি মাসজিদে আসলেন এবং আবৃ বকর রাদিয়াল্লাহু আনহুর বাম পাশে বসলেন। এই সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে বসে সালাত আদায় করেন, আর আবৃ বকর রাদিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে সালাত আদায় করেন।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসটি ব্যাখ্যাহীন হওয়ার কারণ হলো আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা সালাতের এই পর্যন্ত বর্ণনা করেছেন। কিন্তু ঘটনার শেষ পর্যন্ত বর্ণনা রয়েছে জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু



আনহুর বর্ণনায়। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই সালাতে তাদেরকে বসে সালাত আদায় করারও নির্দেশ দিয়েছিলেন, যেমনভাবে তিনি আদেশ করেছিলেন ঘোড়া থেকে পড়ে যাওয়ার সময়, যা আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি।"

ফুটনোট

[1] মুসন্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৩১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫২৪; শামাইলে তিরমিয়ী: ৩৭৮; ইবনু মাজাহ: ১২৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২১১৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন